

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 22-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Police Commemoration Day-National :**

উপ-রাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ গতকাল পুলিশ স্মৃতি রক্ষা দিবস উপলক্ষে পুলিশ কর্মীদের অবর্গনীয় সাহস এবং সর্বোচ্চ ত্যাগের প্রতি শুন্দা জানান। সামাজিক মাধ্যমে তিনি বলেন, 'জাতির সুরক্ষা এবং জনগণের নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করার জন্য পুলিশের অটল অঙ্গীকার আমাদের গভীর শুন্দার দাবি রাখে। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, কেবলমাত্র একটি শক্তিশালী পুলিশ বাহিনীই একটি শক্তিশালী জাতি গঠন করতে পারে এবং এটিই সরকারের লক্ষ্য। পুলিশ স্মৃতি রক্ষা দিবস উপলক্ষে নতুনদিল্লিতে জাতীয় পুলিশ স্মৃতিসৌধে শহীদদের প্রতি পুষ্পস্তবক অর্পণ এবং শুন্দা নিবেদনের পর তিনি তার ভাষণে এই কথা বলেন।

এদিকে, সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় গতকাল পুলিশ স্মৃতি রক্ষা দিবস পালন করা হয়। আগরতলার অরুণতীনগরস্থিত মনোরঞ্জন দেববর্মা স্মৃতি স্টেডিয়ামে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কর্তব্যরত অবস্থায় যেসব পুলিশকর্মী ও জওয়ান শহীদ হয়েছেন তাদের স্মৃতির প্রতি শুন্দা জানিয়ে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। মুখ্যসচিব জে. কে. সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ সহ পুলিশের পদস্থ আধিকারিকগণ শুন্দাঙ্গলি অর্পণ করেন।

\*\*\*\*\*

## Gallantry Awards for Defence Personnel:

অপারেশন সিলুর সহ বিভিন্ন অভিযানের সময় অসাধারণ সাহসিকতার জন্য প্রতিরক্ষা কর্মীদের বীরত্বপূর্ণ পুরস্কারপ্রাপকদের তালিকা এক গ্যাজেট বিজ্ঞপ্তি জারির মাধ্যমে কেন্দ্রীয় সরকার প্রকাশ করেছে। মূলত: ভারতীয় বিমান বাহিনী এবং ভারতীয় সেনাবাহিনীর কর্মীদের এই তালিকায় কর্নেল কোশাঙ্ক লাস্বা এবং লেফটেন্যান্ট কর্নেল সুশীল বিষ্টের মতো বীরদের নাম অন্তর্ভুক্ত রয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কর্নেল কোশাঙ্ক লাস্বাকে ভারতীয় সেনাবাহিনীর সামরিক নীতির গ্রিতিহ অনুসারে, আক্রমণের মুখে ব্যতিক্রমী সাহস এবং বীরত্ব প্রদর্শনের জন্য বীরচক্র প্রদান করা হয়েছে। আরেকজন বীরচক্র পুরস্কারপ্রাপ্ত হলেন লেফটেন্যান্ট কর্নেল সুশীল বিষ্ট। এছাড়া গ্রুপ ক্যাপ্টেন অনিমেষ পাটনিকেও নিজের কর্তব্য পালনে অসাধারণ দক্ষতা প্রদর্শনের জন্য পুরস্কার প্রাপক হিসেবে বেছে নেওয়া হয়েছে। উল্লেখ্য, এর আগে, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সশন্ত্ব বাহিনী এবং কেন্দ্রীয় সশন্ত্ব পুলিশ বাহিনীর কর্মীদের জন্য ১২৭টি বীরত্ব পুরস্কার এবং ৪০টি বিশিষ্ট সেবা পুরস্কার অনুমোদন করেছিলেন।

\*\*\*\*\*

## 18th Anthar Buthar Festivals:

হালাম সম্প্রদায়ের মলসম জাতি গোষ্ঠীর গ্রিতিহবাহী দুই দিন ব্যাপি ১৮তম রাজ্য ভিত্তিক আন্তর বুথার উৎসব আজ শেষ হচ্ছে। গতকাল সন্ধ্যায় গোমতি জেলার কিল্লা ব্লকের এডিসি এলাকা মাকুছড়ায় শুরু হয় এই উৎসব। তথ্য ও

সংস্কৃতি দপ্তর ও কিল্লা রাকের র্যাথ উদ্যোগে আয়োজিত দুই দিন ব্যাপী উৎসবে প্রধান অতিথির ভাষণে স্থানীয় বিধায়ক রামপদ জমাতিয়া বলেন, রাজ্য সরকার রাজ্যের ১৯টি জন জাতি সম্প্রদায়ের সার্বিক উন্নতি ও বিকাশে কাজ করে যাচ্ছে। মলসম সম্প্রদায়ের সাহিত্য, সংস্কৃতি, কৃষি ও শিল্প এর বিকাশে সরকার সচেষ্ট। জুম চাষে নতুন ফসলের উৎপাদনকে কেন্দ্র করে এই উৎসবে হালাম সম্প্রদায়ের নানান গ্রন্থিহ ও সংস্কৃতির উপর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। হালাম সম্প্রদায়ে নানা কাজে ব্যবহৃত যন্ত্রপাতি ও জুম চাষের নানান সামগ্রীর প্রদর্শনী মণ্ডপও খোলা হয়।

\*\*\*\*\*

## NPEP :

কেন্দ্রীয় সরকারের জাতীয় জনসংখ্যা শিক্ষা প্রকল্প বা NPEP এর অধীনে বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে উনকোটি জেলাভিত্তিক লোকনৃত্য প্রতিযোগিতা গতকাল কৈলাশহরে অনুষ্ঠিত হয়। কৈলাশহরের রাধাকিশোর ইন্সিটিউশনের ক্যাম্পাস হলে আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। জনসংখ্যা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা ও ছাত্র-ছাত্রীদের দায়িত্বশীল নাগরিক হিসাবে গড়ে তোলার লক্ষ্যে এই প্রতিযোগিতার আয়োজন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উনকোটি জেলার জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, রাধাকিশোর ইন্সিটিউশনের প্রধান শিক্ষক নীতিশ বিশ্বাস।

\*\*\*\*\*

## **NOTIFICATION ON STRIKE :**

আগামীকাল কয়েকটি সংগঠনের পক্ষ থেকে ত্রিপুরা বন্ধ-এর ডাক দেওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তর এক বিজ্ঞপ্তি জারি করেছে। বিজ্ঞপ্তি অনুযায়ী, আগামীকাল সমস্ত সরকারী দপ্তর, অধিগৃহীত সংস্থা এবং রাজ্য সরকারের আওতাধীন বিভিন্ন সংস্থার অফিসে স্বাভাবিক কাজকর্ম বজায় থাকবে। সমস্ত সরকারী এবং অধিগৃহীত সংস্থার কর্মচারী তাদের নিয়মিত দায়িত্ব যথারীতি পালন করবেন। বিভিন্ন দপ্তর ও সংস্থায় কর্মচারীদের হাজিরার তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে সাধারণ প্রশাসনের মধ্যে পাঠানোর জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

\*\*\*\*\*

## **GOVARDHAN PUJA :**

সারা দেশের বিভিন্ন স্থানে আজ গোবর্ধন পূজা অনুষ্ঠিত হচ্ছে। উত্তর প্রদেশে, ধর্মীয় উৎসাহ ও ভক্তির সঙ্গে গোবর্ধন পূজা হচ্ছে, বিশেষ করে মথুরা এবং বৃন্দাবন অঞ্চলে, যেখানে ভগবান শ্রীকৃষ্ণের ভক্ত বিপুল সংখ্যক লোকের সমাগম ঘটেছে। বিদেশী, স্থানীয় এবং পর্যটক এবং দেশব্যাপী তীর্থযাত্রীরা মথুরা বৃন্দাবনের বিভিন্ন মন্দিরে ভগবান শ্রীকৃষ্ণের পূজা করছেন এবং পবিত্র পাহাড় গোবর্ধনের "পরিত্রক" করছেন।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে।  
আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৩  
ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা  
ছিল ১৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*